# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

## প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

**ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন**


**ডিওএস সার্কুলার লেটার নং-০৮**

**তারিখঃ ২৫ মাঘ ১৪২৮ / ০৮ ফেব্রুয়ারি ২০২২**

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

**১০ ফেব্রুয়ারি ২০২২ তারিখে ৮ টি ইউনিয়ন পরিষদের নির্বাচন উপলক্ষ্যে সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় ভোটকেন্দ্র হিসাবে ব্যবহর্তব্য স্থাপনায় অবস্থিত ব্যাংকের শাখা/উপশাখা বন্ধ রাখা এবং ভোটারদের ভোটাধিকার প্রয়োগের সুযোগ দানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

জনপ্রশাসন মন্ত্রণালয়-এর ০৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখের প্রজ্ঞাপন নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.১৮-২৬-এ বর্ণিত (প্রজ্ঞাপন সংযুক্ত) ৮ টি ইউনিয়ন পরিষদের নির্বাচন উপলক্ষ্যে ১০ ফেব্রুয়ারি ২০২২ ভোট গ্রহণের দিন নির্বাচনী এলাকাধীন যে সকল স্থাপনা ভোটকেন্দ্র হিসেবে ব্যবহার বা নির্বাচনী কার্যক্রমের জন্য নির্ধারণ করা হয়েছে সে সকল স্থাপনায় ব্যাংকের কোন শাখা/উপশাখা থাকলে তা বন্ধ রাখাসহ সংশ্লিষ্ট নির্বাচনী এলাকাধীন আপনাদের ব্যাংকের শাখা/উপশাখাসমূহে কর্মরত ভোটারদের ভোটাধিকার প্রয়োগের সুযোগ দানের জন্য পরামর্শ দেয়া হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনোয়ারুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০০৯৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-৪ শাখা
www.mopa.gov.bd

নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.১৮-২৬

তারিখ: ২৩ মাঘ ১৪২৮ / ০৬ ফেব্রুয়ারি ২০২২

## প্রজ্ঞাপন

Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule I of The Rules of Business, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশে ৩৭ নম্বর ক্রমিকে প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের চাহিদা মোতাবেক **৮ টি ইউনিয়ন পরিষদের** সাধারণ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন অর্থাৎ আগামী **১০ ফেব্রুয়ারি ২০২২ তারিখ বৃহস্পতিবার** সাধারণ ছুটি ব্যতীত নির্বাচনী এলাকাধীন যে সকল শিক্ষা প্রতিষ্ঠান ও স্থাপনা ভোটকেন্দ্র হিসেবে ব্যবহার বা নির্বাচনী কার্যক্রমের জন্য নির্ধারণ করা হয়েছে, সেগুলো বন্ধ ঘোষণা করা হলো। তাছাড়া সংশ্লিষ্ট নির্বাচনী এলাকাধীন স্বাস্থ্যসেবা ও শিক্ষা প্রতিষ্ঠানসহ সকল অফিস/সংস্থা/প্রতিষ্ঠানে কর্মরত ভোটারদের ভোটাধিকার প্রয়োগের সুযোগ দানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।

**এক নজরে অনুষ্ঠিতব্য নির্বাচনের তথ্য:**

| ক্র: নং | **জেলা** | **উপজেলা** | **ইউনিয়ন** |
|---|---|---|---|
| ১. | ঢাকা | কেরানীগঞ্জ | তারানগর |
| ২. | গাজীপুর | কালিয়াকৈর | শ্রীফলতলী |
| ৩. | নোয়াখালী | হাতিয়া | সুখচর |
| ৪. | | | নলচিরা |
| ৫. | | সুবর্নচর | চর জব্বর |
| ৬. | | | চর জুবলি |
| ৭. | ভোলা | লালমোহন | বদরপুর |
| ৮. | ঝিনাইদহ | শৈলকুপা | নিত্যানন্দপুর |

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

06.02.2022

(মো: মশিউর রহমান তালুকদার)
উপসচিব
ফোন: ০২-৯৫১৪৪৯২
ই-মেইল: reg4@mopa.gov.bd

নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.১৮-২৬/১(১০০)

তারিখ: ২৩ মাঘ ১৪২৮ / ০৬ ফেব্রুয়ারি ২০২২

**অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

৪) সিনিয়র সচিব/সচিব,----------------------------------------- বিভাগ/মন্ত্রণালয়, (নির্বাচন কমিশন সচিবালয়সহ সকল) (তাঁর অধীন অফিস ও সংস্থাসমূহের সকলকে অবহিত করার অনুরোধসহ)
৫) পিএসও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৬) প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা (প্রচার মাধ্যমে সম্প্রচারের অনুরোধসহ)।
৭) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/বরিশাল।
৮) প্রধানমন্ত্রীর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৯) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়....., **................(সংশ্লিষ্ট সকল)**।
১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১১) সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২) উপজেলা নির্বাহী অফিসার, ................, **................(সংশ্লিষ্ট সকল)**।
১৩) উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
১৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রজ্ঞাপনটি প্রদানের অনুরোধসহ)।

Rahman 06.02.2022

(মো: মশিউর রহমান তালুকদার)
উপসচিব